একটি মাসিক 'ই' সাময়িকী

# পদক্ষেপ বার্তা

বর্ষ: ১৫ । সংখ্যা: ১৫২ । অক্টোবর ২০২৫ www.padakhep.org



## বিনামূল্যে মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

পৃষ্ঠা ০২



## আয়বর্ধনমূলক কর্মকাণ্ডের আওতায় অনুদান ও উপকরণ বিতরণ

পৃষ্ঠা ০৫



# প্লাবিত জীবনের জাগরণ

## ECCCP-Flood প্রকল্পের কার্যক্রম

পিকেএসএফ এর আর্থিক সহযোগিতায় কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলায় "পোস্ট মনিটরিং এক্সটেন্ডেড কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ প্রজেক্ট-ফ্লাড (Post Monitoring ECCCP-Flood)" প্রকল্পটি পদক্ষেপ কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির লক্ষ্য হলো– বন্যাপ্রবণ গ্রামীণ চর এলাকার দরিদ্র ও হতদরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন, নিরাপদ বসবাস নিশ্চিতকরণ এবং জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব মোকাবেলায় টেকসই অভিযোজন সক্ষমতা বৃদ্ধি করা। প্রকল্পের আওতায় ইতোমধ্যে মাঠ পর্যায়ে বসতভিটা উঁচুকরণ, বন্যামুক্ত নলকূপ ও স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপন, মাঁচা পদ্ধতিতে ছাগল ও ভেড়া পালন এবং চরাঞ্চলে উচ্চমূল্যের কৃষি প্রযুক্তি সম্প্রসারণসহ বিভিন্ন কর্মসূচি বাস্তবায়িত হয়েছে। অক্টোবর মাসে মোট ২১টি গ্রুপে মাসিক সভা অনুষ্ঠিত হয়। যেখানে সুবিধাভোগীদের সঙ্গে আলোচনার মাধ্যমে কীভাবে সবাই মিলে টেকসইভাবে কাজ করতে পারে এবং উঁচুকৃত বসতভিটার রক্ষণাবেক্ষণ ও বৃষ্টির পানি থেকে ক্ষয়রোধ করা যায়। পাশাপাশি টিউবওয়েল ও ল্যাট্রিনের পরিচ্ছন্নতা বজায় রাখা, ছাগলের মাঁচার স্বাস্থ্যবিধি রক্ষা এবং বাড়ির আশপাশে শাকসবজি ও ফলজ গাছের চাষ বিষয়ে পরামর্শ দেওয়া হয়।এই কার্যক্রমের মাধ্যমে বন্যাপ্রবণ এলাকার মানুষ এখন জলবায়ু পরিবর্তনের সঙ্গে খাপ খাইয়ে টেকসই জীবিকা ও নিরাপদ আবাসনের পথে এগিয়ে যাচ্ছে ।

# ICCAP প্রকল্প চুক্তি স্বাক্ষর

পদক্ষেপ ও Appuiau Development Autonome (ADA) এর মধ্যে Inclusive Climate Finance for Vulnerable Communities in Asia and Pacific (ICCAP) প্রকল্প বাস্তবায়নের জন্য চুক্তি স্বাক্ষরিত হয়েছে। প্রকল্পটির লক্ষ্য হলো পরিবেশবান্ধব অন্তর্ভুক্তিমূলক আর্থিক পণ্য উন্নয়ন ও বেসরকারি জলবায়ু বিনিয়োগে পদক্ষেপ এর সক্ষমতা বৃদ্ধি। অক্টোবর ২০২৫ থেকে ডিসেম্বর ২০২৮ মেয়াদে পটুয়াখালী, ভোলা, বরিশাল, কুড়িগ্রাম, খুলনা ও গাইবান্ধা জেলায় প্রকল্পটি বাস্তবায়িত হবে। অনুষ্ঠানে পদক্ষেপ এর প্রেসিডেন্ট এ.বি.এম সিদ্দীক, নির্বাহী পরিচালক মো: সালেহ বিন সামস, উপ-নির্বাহী পরিচালক ড. মুহম্মদ রিসালাত সিদ্দীকসহ অন্যান্য উর্ধ্বতন কর্মীবৃন্দ এবং ADA-এর পক্ষে লুসিয়া সিগানা ও সুজন পৌডেলন উপস্থিত ছিলেন। চুক্তিটি বাংলাদেশের ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য অন্তর্ভুক্তিমূলক জলবায়ু অর্থায়ন সম্প্রসারণে নতুন দিগন্ত উন্মোচন করবে।

# 'আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রকল্পের উন্নয়ন কার্যক্রম



## কক্সবাজারে নগর মাতৃসদন কেন্দ্র পরিদর্শন

পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট (২য় পর্যায়)-এর আওতায় গত ১২ অক্টোবর ২০২৫ তারিখে কক্সবাজারের নগর মাতৃসদন কেন্দ্র পরিদর্শন করেন জেলা সিভিল সার্জন ডা. মোহাম্মদুল হক এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. টিটু চন্দ্র শীল। তাঁরা কেন্দ্রের চিকিৎসক, নার্স ও অন্যান্য স্বাস্থ্যকর্মীদের সেবা প্রদানের ধরন, ওষুধ সরবরাহ, মাতৃসেবা রেকর্ড সংরক্ষণ এবং পরিচ্ছন্নতা ব্যবস্থা পর্যবেক্ষণ করেন। পাশাপাশি আরও কার্যকরভাবে সেবা প্রদানের বিষয়ে কিছু দিকনির্দেশনাও প্রদান করেন। পরবর্তীতে, ১৮ অক্টোবর ২০২৫ তারিখে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিচালক ডা. মো. সুলতান আহম্মদ নগর মাতৃসদন কেন্দ্রটি পরিদর্শন করেন। এ সময় উপস্থিত ছিলেন এডিসিসি, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের কর্মকর্তা, সদর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট প্রকল্প কর্মকর্তাবৃন্দ।



## বিনামূল্যে মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

২৩ অক্টোবর ২০২৫ তারিখে জামালপুর পৌরসভার বোর্ডঘর বাজার প্রাঙ্গণ এবং ১৫ অক্টোবর ২০২৫ তারিখে নেত্রকোণা পৌরসভা পিএ-১ নগর মাতৃসদনের উদ্যোগে পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্রের বাস্তবায়নাধীন আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট (২য় পর্যায়) এর আওতায় দুটি বিনামূল্যের মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়। উভয় ক্যাম্পেই রক্তচাপ ও ওজন মাপা, রক্ত পরীক্ষা, গর্ভবতী মা ও কিশোরীদের স্বাস্থ্য শিক্ষা প্রদান এবং পুষ্টিকর খাবার বিতরণসহ প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়। জামালপুর ক্যাম্পে গর্ভবতী নারী, কিশোরী, শিশু ও বয়োবৃদ্ধসহ মোট ১৭০ জন এবং নেত্রকোণা ক্যাম্পে ৭০ জন উপকারভোগী স্বাস্থ্যসেবা গ্রহণ করেন। ক্যাম্পগুলোর সার্বিক ব্যবস্থাপনা ও সহযোগিতায় ছিলেন চিকিৎসক, ক্লিনিক ম্যানেজার, ফ্যামিলি প্ল্যানিং কো-অর্ডিনেটর, কো-অর্ডিনেটর এবং প্রকল্প ব্যবস্থাপকবৃন্দ। অংশগ্রহণকারীরা জানান, "এ ধরনের মেডিকেল ক্যাম্প সাধারণ মানুষের জন্য অত্যন্ত উপকারী।" উদ্যোগগুলোর মাধ্যমে নগরবাসীর মধ্যে স্বাস্থ্যসচেতনতা বৃদ্ধি পেয়েছে এবং প্রাথমিক চিকিৎসা গ্রহণে আগ্রহ তৈরি হয়েছে-যা মানসম্মত স্বাস্থ্যসেবা সম্প্রসারণে একটি ইতিবাচক দৃষ্টান্ত।

প্রমিস
ফার্মেসি অ্যান্ড ইজি শপ
বাড়ির পাশেই বিশ্বস্ততার নাম

# সুরক্ষার প্রমিস

শীতের হালকা কুয়াশা ও ঠান্ডা হাওয়ায় ঠান্ডা-কাশি হওয়া সাধারণ ব্যাপার। কিছু সহজ অভ্যাস মেনে চললে রোগের ঝুঁকি কমানো যায় এবং দ্রুত আরাম পাওয়া যায়।

### প্রতিরোধ

- গরম পোশাক পরুন: বাইরে গেলে গলা, বুক ও পা ঢেকে রাখুন।
- পুষ্টিকর খাবার খান: কমলা, পেয়ারা, আপেল, গাজর, মিষ্টিকুমড়া—ভিটামিন ও খনিজসমৃদ্ধ খাবার শরীরকে শক্তি দেয়।
- পর্যাপ্ত পানি পান করুন: দিনে ৬-৮ গ্লাস পানি বা হালকা গরম পানি শরীরকে হাইড্রেটেড রাখে।
- হাত-মুখ পরিষ্কার রাখুন: হাত ধোয়া ও মুখ ঢেকে রাখা সংক্রমণ থেকে রক্ষা করে।
- পর্যাপ্ত ঘুম ও বিশ্রাম নিন: ৭-৮ ঘণ্টা ঘুম শরীরকে শক্তিশালী রাখে।

### প্রতিকার

- গরম পানীয় ও স্যুপ: আদা চা, তুলসী চা বা গরম স্যুপ গলা আরাম দেয়।
- আরামদায়ক বিশ্রাম: শরীর বিশ্রামে থাকলে রোগ থেকে দ্রুত আরাম পাওয়া যায়।
- হালকা ব্যায়াম: হালকা হাঁটা বা যোগব্যায়াম শরীরকে সতেজ রাখে।
- প্রয়োজন হলে চিকিৎসকের পরামর্শ নিন: ৩-৪ দিনেও উপসর্গ কম না হলে বিশেষজ্ঞ চিকিৎসকের সঙ্গে যোগাযোগ করুন।

শীতের শুরুতেই সতর্কতা ও পরিচর্যা করলে ঠান্ডা-কাশি সহজেই প্রতিরোধ করা যায়।



# 'আরএমটিপি' প্রকল্পের উন্নয়ন কার্যক্রম



## মৎস্য উদ্যোক্তাদের সঙ্গে মতবিনিময়

বাংলাদেশের প্রায় ৯০ শতাংশ শিল্পপ্রতিষ্ঠান গড়ে তুলেছেন ক্ষুদ্র, ছোট ও মাঝারি (এমএসএমই) উদ্যোক্তারা। দেশের মোট দেশজ উৎপাদনের (জিডিপি) অন্তত ২৫ শতাংশ আসে এই খাত থেকে। কর্মসংস্থান সৃষ্টি ও গ্রামীণ অর্থনীতিকে সচল রাখার ক্ষেত্রেও এ খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সাম্প্রতিক সময়ে মৎস্যপণ্য উৎপাদন ও বাজারজাতকরণে তরুণ উদ্যোক্তাদের অংশগ্রহণ উল্লেখযোগ্যভাবে বেড়েছে। ডিজিটাল মার্কেটিংয়ের সহায়তায় তারা অনলাইন প্ল্যাটফর্মে "রেডি টু কুক" ও "রেডি টু ইট" পণ্যের ব্যবসা এগিয়ে নিচ্ছেন। তবে পণ্যের মান বজায় রাখা, প্রক্রিয়াজাতকরণ, প্যাকেজিং, সংরক্ষণ ও বাজারজাতকরণ বিষয়ে জ্ঞান ও অবকাঠামোগত সীমাবদ্ধতার কারণে অনেক উদ্যোক্তাই এখনো চ্যালেঞ্জের মুখে রয়েছেন। এই বাস্তবতাকে সামনে রেখে মৎস্যপণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সম্পৃক্ত উদ্যোক্তাদের ধারণা উন্নত করা এবং সরকারি দপ্তরের সঙ্গে সমন্বয় জোরদারের লক্ষ্যে পদক্ষেপ ও পিকেএসএফ যৌথভাবে এক মতবিনিময় সভার আয়োজন করে। ১৫ আগস্ট ২০২৫ গোপালগঞ্জ জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ে অনুষ্ঠিত এ সভায় অংশ নেন জেলার বিভিন্ন রেডি টু ইট, রেডি টু কুক ও মৎস্য উদ্যোক্তারা। সভায় উপস্থিত ছিলেন জেলা মৎস্য কর্মকর্তা বিজন কুমার নন্দী, গোপালগঞ্জ মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ কর্মকর্তা এবিএম জাকারিয়া, গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফিশারিজ ও মেরিন বায়োসায়েন্স বিভাগের অধ্যাপক ড. নিয়াজ আল হাসান, বিএসটিআই এর উপপরিচালক গোবিন্দ কুমার ঘোষ, পরিবেশ অধিদপ্তর এর উপপরিচালক মাহফুজুর রহমান, আরএমটিপি এর প্রকল্প সমন্বয়কারী মো. রফিকুল ইসলাম এবং জেলার বিভিন্ন উপজেলা মৎস্য কর্মকর্তা ও পদক্ষেপ এর অন্যান্য কর্মীবৃন্দ। সভায় আলোচকরা রেডি টু ইট ও রেডি টু কুক পণ্যের মাননিয়ন্ত্রণ, সংরক্ষণ, প্রসেসিং প্ল্যান্ট স্থাপন, পণ্য সনদায়ন, পরিবেশবান্ধব উৎপাদন এবং বাজার সম্প্রসারণ বিষয়ক নানা দিক নিয়ে আলোচনা করেন। অংশগ্রহণকারীরা সরকারি দপ্তরের বিভিন্ন প্রক্রিয়া, মাননিয়ন্ত্রণ নির্দেশিকা ও সনদায়ন পদ্ধতি সম্পর্কে ধারণা অর্জন করেন। উদ্যোক্তারা জানান, এই মতবিনিময় সভার মাধ্যমে তারা পণ্য মাননিয়ন্ত্রণ, বিপণন কৌশল ও আইনগত কাঠামো সম্পর্কে স্পষ্ট ধারণা পেয়েছেন। আরএমটিপি প্রকল্পের ভ্যালু চেইন ফ্যাসিলিটেটরবৃন্দ জানান, প্রকল্পের মাধ্যমে স্থানীয় মৎস্যচাষি ও উদ্যোক্তাদের আধুনিক প্রযুক্তি, পুকুর ব্যবস্থাপনা, প্রোবায়োটিক ব্যবহার, প্রাকৃতিক খাবার এবং নিরাপদ মৎস্য উৎপাদন বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান করা হচ্ছে। আশা করা যায়, সরকারি-বেসরকারি সমন্বয়ের মাধ্যমে মৎস্যপণ্য প্রক্রিয়াজাতকরণ ও বিপণন খাতকে আরও গতিশীল করা সম্ভব হবে। এতে তরুণ উদ্যোক্তারা নতুন সুযোগ তৈরি করতে পারবেন এবং দেশীয় মাছের ব্রাণ্ড ভ্যালু আন্তর্জাতিক বাজারেও বৃদ্ধি পাবে।

অক্টোবর ২০২৫ মাসের কর্মী কল্যাণ তহবিল, সিপিএফ ও অনুদান প্রদান সংক্রান্ত তথ্য

| বিবরণ | ধরন | সেপ্টেম্বর ২০২৫ | |
|---|---|---|---|
| | | জন | টাকা |
| ফেরত প্রদান | সিপিএফ | ২৪ | ২৪,৫৬,২০১/- |
| | কর্মী স্বেচ্ছা সঞ্চয় ও বিমা প্রোগ্রাম | ২৫ | ৪,৪৯,১৫০/- |
| | কর্মী কল্যাণ তহবিল | ২৪ | ১,৫২,৬৭৬/- |
| অনুদান প্রদান | কর্মী স্বেচ্ছা সঞ্চয় ও বিমা প্রোগ্রাম | - | - |
| | কর্মী কল্যাণ তহবিল | ৪০ | ৭,২৯,২৩৭/- |

অক্টোবর ২০২৫ মাসে ৩৫ জনকে নিয়োগ দিয়েছে 'পদক্ষেপ'

| ক্র নং | প্রধান কার্যালয়/জোন/প্রোজেক্ট | পদের নাম | সংখ্যা | কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১ | প্রধান কার্যালয় | সোসাল ডেভলপমেন্ট লিডার | ৭ | মানব সম্পদ ও প্রশাসন বিভাগ |
| | | ম্যানেজমেন্ট ট্রেইনি (এমএফ) | ১৩ | |
| | | সিনিয়র ম্যানেজার | ১ | |
| | | ম্যানেজার | ১ | এডিটি বিভাগ |
| | | সেলসম্যান | ১ | প্রমিজ ফার্মেসী |
| | | সার্ভিস স্টাফ/আয়া/ক্লিনার | ৬ | পিআইডিএম |
| ২ | UPHCSDP-II | এমআইএস/আইটি অফিসার | ১ | নেত্রকোণা পৌরসভা |
| | | মেডিকেল অফিসার | ১ | |
| | | ফিজিসিয়ান | ১ | |
| | | প্যারামেডিক | ১ | |
| | | ম্যাসেঞ্জার | ১ | |
| ৩ | ICBC Project | আইসিবিসি অফিসার | ১ | প্রোজেক্ট এলাকা |
| | | চাইল্ড কেয়ার সুপারভাইজার | ১ | |
| | | সুইমিং সুপারভাইজার | ১ | |
| ৪ | সমৃদ্ধি প্রকল্প | স্বাস্থ্য কর্মকর্তা | ১ | বড়লেখা, মৌলভীবাজার |
| | | স্বাস্থ্য পরিদর্শক | ১ | আগৈলঝাড়া, বরিশাল |
| ৫ | MF | CM-1/ABM (L)/ABM (AC) | ১২ | বিভিন্ন জোন |
| | মোট | | ৫১ | |

## প্যালেডিয়াম
নিরাপদ স্ট্রিট ফুড মার্কেট



### আপনি জানেন কি...?

৬০০ বছরের ঐতিহ্য, ভালবাসা এবং আবেগ নিয়ে মোমোর জন্ম নেপালে। মোমোর ইতিহাস খুঁজতে গেলে যেতে হবে চতুর্দশ শতাব্দীর গোড়ার দিকে, যখন এটি ছিল কাঠমাণ্ডু উপত্যকার খাবার। মজার ব্যাপার হলো, নেপালের এক রাজকুমারির সঙ্গে তিব্বতের এক রাজার বিয়ে হলে মোমো ছড়িয়ে পড়ে তিব্বত, চিন, কোরিয়া ও জাপান পর্যন্ত।



## অক্টোবর ২০২৫ মাসে 'রেমিটেন্স' লেনদেন সংক্রান্ত তথ্য

সুবিধাভোগী
৩৯৯
জন

অর্থ প্রদান
১২,১২৯.১৩৯
মিলিয়ন টাকা

এ পর্যন্ত সুবিধাভোগী
১,৬৫,৯৭০
জন

এ পর্যন্ত অর্থ প্রদান
৫,৩৫৫,৮৬৫,৭৮৪
মিলিয়ন টাকা

# 'পিপিইপিপি' প্রকল্পের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম



## স্বাস্থ্যসম্মত টয়লেট ও গোসলখানা নির্মাণ

হাওর অঞ্চলের অতি দরিদ্র পরিবারগুলোর জন্য স্বাস্থ্যসম্মত জীবনযাপন নিশ্চিত করতে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করে থাকে পদক্ষেপ। কিশোরগঞ্জ জেলার নিকলী, মিঠামইন ও অষ্টগ্রাম উপজেলার অতি দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন পিপিইপিপি-ইইউ প্রকল্পের আওতায় ১৭টি পরিবারের জন্য স্বাস্থ্যসম্মত টয়লেট ও গোসলখানা নির্মাণ করেছে।এই উদ্যোগের ফলে প্রত্যন্ত হাওর অঞ্চলের দরিদ্র পরিবারগুলো এখন আরও নিরাপদ ও স্বাস্থ্যসম্মত পরিবেশে জীবনযাপন করতে পারছে। পূর্বে এসব পরিবারের জন্য স্যানিটেশন সুবিধা ছিল সীমিত, যা নানা স্বাস্থ্যঝুঁকি তৈরি করত। নতুন টয়লেট ও গোসলখানা নির্মাণের ফলে পরিবারের সদস্যরা আরও স্বস্তিদায়ক ও মর্যাদাপূর্ণ জীবনযাপনের সুযোগ পাচ্ছেন। এই কার্যক্রমের মাধ্যমে শিশু ও নারীদের জন্য তৈরি হয়েছে নিরাপদ পরিবেশ, পাশাপাশি স্থানীয় জনগণের মধ্যে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি পেয়েছে।

## আন্তর্জাতিক দারিদ্র্য বিমোচন দিবস ২০২৫ পালন

দরিদ্র জনগোষ্ঠীর প্রতি সামাজিক সম্মান ও কার্যকর সহায়তা নিশ্চিতের লক্ষ্যে পদক্ষেপ বিভিন্ন উদ্যোগ গ্রহণ করে থাকে। "সামাজিক ও প্রাতিষ্ঠানিক দুর্ব্যবহারের অবসান: দারিদ্র্যের মধ্যে বসবাসকারী পরিবারগুলোর জন্য সম্মান এবং কার্যকর সহায়তা নিশ্চিত করা" প্রতিপাদ্যকে সামনে রেখে পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন পিপিইপিপি-ইইউ প্রকল্পের আওতায় ২১ অক্টোবর আন্তর্জাতিক দারিদ্র্য বিমোচন দিবস ২০২৫ উদযাপন করেছে। কিশোরগঞ্জ জেলার নিকলী, মিঠামইন ও অষ্টগ্রাম উপজেলায় একযোগে আয়োজিত এ অনুষ্ঠানে প্রায় ৩৫৬ জন অংশগ্রহণ করেন, যার মধ্যে ছিলেন স্থানীয় জনপ্রতিনিধি, সমাজকর্মী, নারী নেত্রী, প্রকল্প উপকারভোগী ও তরুণ স্বেচ্ছাসেবীরা। অনুষ্ঠানে বক্তারা বলেন, দারিদ্র্য বিমোচনের জন্য আর্থিক সহায়তার পাশাপাশি সামাজিক মর্যাদা ও প্রাতিষ্ঠানিক ন্যায্যতা নিশ্চিত করা জরুরি। তারা সবাইকে আহ্বান জানান, সমাজের অবহেলিত জনগোষ্ঠীর পাশে থেকে টেকসই উন্নয়নে সম্মিলিতভাবে কাজ করার জন্য। পিপিইপিপি-ইইউ প্রকল্পের এ উদ্যোগ স্থানীয় পর্যায়ে দারিদ্র্য হ্রাসে সচেতনতা বৃদ্ধি ও প্রান্তিক জনগণের আত্মনির্ভরতা গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।



## কমিউনিটি ক্লিনিক ব্যবস্থাপনা কমিটি (সিজি) গ্রুপ সক্রিয়করণ সভা

প্রান্তিক জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন পিপিইপিপি-ইইউ প্রকল্পের আওতায় কিশোরগঞ্জের নিকলী, মিঠামইন ও অষ্টগ্রাম উপজেলায় অক্টোবর ২০২৫ জুড়ে মোট ১৫টি কমিউনিটি ক্লিনিক ব্যবস্থাপনা কমিটি (সিজি) গ্রুপ সক্রিয়করণ সভা অনুষ্ঠিত হয়। প্রায় ৩০০ জন সদস্যের অংশগ্রহণে আয়োজিত এসব সভায় আলোচনার মূল বিষয় ছিল, অতিদরিদ্র জনগোষ্ঠীর জন্য সহজপ্রাপ্য স্বাস্থ্যসেবা নিশ্চিত করা, সেবার মানোন্নয়ন, ও নারী, শিশু, বয়স্ক ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সমান সুযোগ সৃষ্টি। অংশগ্রহণকারীরা কমিউনিটি ক্লিনিকের কার্যক্রমকে আরও শক্তিশালী করতে সম্মিলিতভাবে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন। সভাগুলোতে কমিটির সদস্য, পিভিসি সদস্য এবং পদক্ষেপ এর কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন





## ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির (ডাব্লিউডিএমসি) সভা

প্রাকৃতিক দুর্যোগের সময়ে জনগণের সুরক্ষা ও প্রস্তুতি নিশ্চিত করতে, পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন পিপিইপিপি-ইইউ প্রকল্পের আওতায় কিশোরগঞ্জের নিকলী, মিঠামইন ও অষ্টগ্রাম উপজেলায় অক্টোবর ২০২৫-এ ১২টি ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি (ডাব্লিউডিএমসি) সভা অনুষ্ঠিত হয়। সভাগুলোতে আলোচনা হয়, গ্রাম পর্যায়ে কীভাবে জনগণকে দুর্যোগের সময় নিরাপদ রাখা যায়, বন্যার আগে ও বন্যা চলাকালীন করণীয়, এবং অতিদরিদ্র পরিবারগুলো কীভাবে নিজেদের সুরক্ষায় প্রস্তুতি নিতে পারে সে বিষয়ে। এছাড়া কমিটিগুলোকে সক্রিয় রাখার কৌশল নিয়েও মতবিনিময় হয়। প্রায় ২৪০ জন অংশগ্রহণকারীর মধ্যে ছিলেন কমিটির সদস্য, পিভিসি সদস্য ও প্রতিবন্ধী ব্যক্তি। সভাগুলোতে প্রকল্পের সদস্যরা ওয়ার্ড কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হওয়ার সুযোগ পান। পদক্ষেপ এর কর্মীগণ সভাগুলোতে উপস্থিত থেকে দিকনির্দেশনা প্রদান করেন।

## ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির (ইউডিএমসি) সভা



পিপিইপিপি-ইইউ প্রকল্পের আওতায় অতিদরিদ্র জনগোষ্ঠীর দুর্যোগ ও জলবায়ুজনিত ঝুঁকি মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নিকলী, মিঠামইন ও অষ্টগ্রাম উপজেলার ৫টি ইউনিয়নে 'ইউডিএমসি' সভার আয়োজন করা হয়। সভাগুলোতে প্রায় ১৬৫ জন সদস্য অংশগ্রহণ করেন। সভায় অতিদরিদ্র জনগোষ্ঠীর দুর্যোগকালীন সমস্যা ও করণীয়, সেবা প্রাপ্তি, কমিটিকে সক্রিয় রাখা, আশ্রয়কেন্দ্র প্রস্তুত রাখা এবং ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে দ্রুত সহায়তা প্রদানের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। এছাড়া, দুর্যোগকালীন সময়ের প্রস্তুতি ও সহযোগিতার মাধ্যমে স্থানীয় জনগণের নিরাপত্তা ও টেকসই পুনরুদ্ধার প্রক্রিয়া জোরদার করার দিকনির্দেশনা প্রদান করা হয়।

## আয়বর্ধনমূলক কর্মকাণ্ডের আওতায় অনুদান ও উপকরণ বিতরণ



পদক্ষেপ বরাবরের মতো অতি দরিদ্র পরিবারের আত্মনির্ভরতা ও টেকসই জীবিকা গঠনের লক্ষ্যে প্রকল্পের আওতায় আয়বর্ধনমূলক কর্মকাণ্ড পরিচালনা করছে। এরই অংশ হিসেবে প্রগ্রসর অতিদরিদ্র সদস্যের মাঝে গত ২১ অক্টোবর ২০২৫ তারিখে মিঠামইনের গোপদিঘী, ঘাগড়া ও কেওয়ারজোর ইউনিয়নের মোট ৪ জনকে এবং ২২ অক্টোবর নিকলীর দামপাড়া, গুরুই ও ছাতিরচর ইউনিয়নের ৫ জনকে মোট ৯টি বকনা গরু প্রদান করা হয়। পাশাপাশি কেঁচো সার উৎপাদনের জন্য প্রত্যেককে ১ কেজি কেঁচো, ২টি করে স্যানিটারি রিং এবং গরুর ঘর সেমি-পাঁকা করার জন্য নগদ অর্থ সহায়তা দেওয়া হয়। এছাড়া একই দিনে দামপাড়া ইউনিয়নের ২ জন অগ্রসর অতিদরিদ্র সদস্যকে ছাগল পালনের জন্য মোট ৮টি ছাগল ও মাঁচা পদ্ধতিতে ছাগল/ভেড়া পালনে উৎসাহিত করতে নগদ অর্থ ও সাইনবোর্ড প্রদান করা হয়।

## কমিউনিটি ক্লিনিকের সিজি গ্রুপের সদস্যদের ওরিয়েন্টেশন



অতিদরিদ্র জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে 'পদক্ষেপ' এর পিপিইপিপি-ইইউ প্রকল্পের আওতায় গত ২২ অক্টোবর ২০২৫ তারিখে কিশোরগঞ্জের অষ্টগ্রাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। এতে ৫টি কমিউনিটি ক্লিনিকের সিজি গ্রুপের ৩০ জন প্রতিনিধি অংশ নেন। ওরিয়েন্টেশনে কমিটির দায়িত্ব, সেবার মানোন্নয়ন, কিশোরীদের স্বাস্থ্যসেবা এবং সেবা গ্রহীতাদের সঙ্গে সংবেদনশীল আচরণ বিষয়ে আলোচনা হয়। উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ও মেডিকেল অফিসারসহ পদক্ষেপ এর প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

## আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস ২০২৫ উদযাপন



"সমন্বিত উদ্যোগ, প্রতিরোধে করি দুর্যোগ"—এই প্রতিপাদ্যকে সামনে রেখে পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন পিপিইপিপি-ইইউ প্রকল্পের উদ্যোগে ১৩ অক্টোবর ২০২৫ তারিখে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উদযাপন করা হয়। দুর্যোগের ঝুঁকি হ্রাসে জনগণ ও সংশ্লিষ্টদের সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে আয়োজিত এই দিবসটি নিকলী, মিঠামইন ও অষ্টগ্রাম উপজেলার বিভিন্ন পিভিসি ও সামাজিক উন্নয়ন কেন্দ্রে পালিত হয়। উপজেলা প্রশাসন ও পদক্ষেপ যৌথভাবে এ আয়োজন সম্পন্ন করে। অনুষ্ঠানে স্থানীয় জনপ্রতিনিধি, পিভিসি সদস্য, সমাজের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ ও প্রকল্পের কর্মকর্তাসহ প্রায় ৪৬৭ জন অংশগ্রহণ করেন। আলোচনায় বক্তারা দুর্যোগকালীন সময়ে করণীয়, পারস্পরিক সহযোগিতা এবং প্রস্তুতি গ্রহণের গুরুত্ব তুলে ধরেন।



## ফসল চাষ, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ

অতি দরিদ্র জনগোষ্ঠীর আয়বর্ধনের লক্ষ্যে পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন পিপিইপিপি-ইইউ প্রকল্পের উদ্যোগে নিকলী উপজেলার কারপাশা ইউনিয়নে গরু মোটাতাজাকরণ ও গাভী পালন বিষয়ক দুই দিনব্যাপী দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় ২০-২১ অক্টোবর ২০২৫ তারিখে। প্রশিক্ষণে ২৫ জন অতিদরিদ্র পরিবারের সদস্য অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের প্রাণিসম্পদ পালনের আধুনিক কৌশল, পুষ্টিকর খাদ্য ব্যবস্থাপনা, রোগ প্রতিরোধ ও অর্থনৈতিকভাবে লাভজনক পশুপালন পদ্ধতি সম্পর্কে বিস্তারিত ধারণা দেওয়া হয়। প্রশিক্ষণ পরিচালনা করেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মোহাম্মদ আবু হানিফ এবং প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা. আব্দুর রউফ। এই প্রশিক্ষণের মাধ্যমে অংশগ্রহণকারীরা আত্মনির্ভরশীল জীবিকার পথে এগিয়ে যাওয়ার প্রেরণা পান এবং স্থানীয়ভাবে প্রাণিসম্পদভিত্তিক ক্ষুদ্র উদ্যোগ গড়ে তোলার সক্ষমতা অর্জন করেন।

## 'গাইনি ও শিশু স্বাস্থ্য' এবং 'কৈশোর কালীন বিশেষায়িত স্বাস্থ্যক্যাম্প'



পদক্ষেপ এর 'পিপিইপিপি-ইইউ' প্রকল্পের পুষ্টি ও প্রাথমিক স্বাস্থ্যসেবা কম্পোনেন্টের আওতায় নিকলী, মিঠামইন ও অষ্টগ্রাম ইউনিটে গত ১৯-২৬ অক্টোবর ২০২৫ তারিখ ৬টি 'গাইনি ও শিশু স্বাস্থ্য' বিষয়ক এবং ১টি 'কৈশোরকালীন' বিশেষায়িত স্বাস্থ্যক্যাম্প এর আয়োজন করা হয়। উক্ত স্বাস্থ্য ক্যাম্প ৭টির মাধ্যমে ২২ জন গর্ভবতী মা, ৬০ জন প্রসূতি মা, ১৫৩ জন কিশোরী ও ৩৯৪ জন অন্যান্য নারী'সহ সর্বমোট ৭৯২ জনকে বিনামূল্যে চিকিৎসা সেবা এবং রোগীদের মাঝে স্যানিটারি ন্যাপকিন বিতরণ করা হয়। স্বাস্থ্য ক্যাম্প ৭টি পরিচালনা করেন। কিশোরগঞ্জ ২৫০ বেড জেলা সদর হাসপাতাল এর সহকারী রেজিস্ট্রার ডা. দিলরুবা সুলতানা শুভা এবং ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল এর প্রাক্তন সহকারী সার্জন ডা. মোঃ লুৎফর রহমান খান।

## ফিস্টুলা সচেতনতা ও রেফারেল ক্যাম্পেইন



নারী স্বাস্থ্য সুরক্ষায় সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পিপিইপিপি-ইইউ প্রকল্পের পুষ্টি ও প্রাথমিক স্বাস্থ্যসেবা কম্পোনেন্টের আওতায় গত ২০ অক্টোবর ২০২৫ তারিখে নিকলী সদর ইউনিয়নে ফিস্টুলা বিষয়ক সচেতনতামূলক ক্যাম্পেইনের আয়োজন করা হয়। ক্যাম্পেইনে র‍্যালি, পোস্টার ও লিফলেট বিতরণ এবং আলোচনা সভার পাশাপাশি "প্রসবজনিত ফিস্টুলা নিয়ে ভয় নয়, চিকিৎসায় ফিস্টুলা ভালো হয়" প্রতিপাদ্যে তথ্য প্রদান করা হয়। ক্যাম্পেইনের মাধ্যমে ৫ জন ফিস্টুলা রোগী শনাক্ত হয়ে কিশোরগঞ্জ সদর হাসপাতালের ফিস্টুলা কর্নারে চিকিৎসার ব্যবস্থা করা হয়। পিভিসি সদস্য, কিশোরী ক্লাব, মা ও শিশু ফোরাম এবং স্টাফদের অংশগ্রহণে আয়োজিত এধরনের কার্যক্রমের ফলে কমিউনিটিতে ফিস্টুলা সম্পর্কে আরও বেশি জানতে পারবে এবং সচেতন হবে।

## ফসল চাষ, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক মাঠ দিবস



অতি দরিদ্র জনগোষ্ঠীর জীবিকায় নতুন প্রযুক্তি সম্প্রসারণ ও বাস্তব অভিজ্ঞতা বিনিময়ের লক্ষ্যে পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন পিপিইপিপি-ইইউ প্রকল্পের উদ্যোগে মাঠ দিবসের আয়োজন করা হয়। ২২ অক্টোবর ২০২৫ তারিখে অনুষ্ঠিত এই মাঠ দিবসে মোট ৮০ জন সদস্য অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্রাণিসম্পদ খাতের আওতায় গাভী পালনের উপর আঞ্চলিকভাবে উপযোগী বিভিন্ন আধুনিক প্রযুক্তি উপস্থাপন করা হয়, যাতে অংশগ্রহণকারীরা সরাসরি মাঠ পর্যায়ের বাস্তব অভিজ্ঞতা অর্জন করতে পারেন। আলোচনার পাশাপাশি প্রসপারিটি সদস্য মোছা: রিয়া মনির গরুর খামার পরিদর্শনের মাধ্যমে অংশগ্রহণকারীরা ব্যবহারিক ধারণা লাভ করেন। এই উদ্যোগ স্থানীয় পর্যায়ে টেকসই পশুপালন প্রযুক্তি ছড়িয়ে দিতে এবং উপকারভোগীদের আত্মনির্ভরশীল জীবিকায় উদ্বুদ্ধ করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

## অপুষ্ট শিশুর জন্য পুষ্টিকর খাবার তৈরির উপকরণ প্রদান



শিশু অপুষ্টি হ্রাস ও পুষ্টি সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পিপিইপিপি-ইইউ প্রকল্পের পুষ্টি কম্পোনেন্টের আওতায় গত ২০ অক্টোবর ২০২৫ তারিখে নিকলী, মিঠামইন ও অষ্টগ্রাম ইউনিটে ১৪টি ইউনিয়নের ৩৫ জন অপুষ্ট শিশুর পরিবারকে উচ্চমান ও ক্যালরি সমৃদ্ধ পুষ্টিকর খাবার তৈরির উপকরণ প্রদান করা হয়। "পুষ্টি খিচুড়ি" ও "পুষ্টি হালুয়া" তৈরির রেসিপি ও রান্না প্রণালী প্রদর্শনের মাধ্যমে মায়েদের হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়া হয়। এই উদ্যোগের মাধ্যমে মায়ের বুকের দুধের পাশাপাশি সম্পূরক খাবার প্রদানের বিষয়ে সচেতনতা বৃদ্ধি পায়, যা শিশুদের মানসিক ও শারীরিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।



## বয়সভিত্তিক আদর্শ খাবার নির্বাচন ও প্রদর্শনী

অপুষ্টি প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পিপিইপিপি-ইইউ প্রকল্পের পুষ্টি ও প্রাথমিক স্বাস্থ্যসেবা কম্পোনেন্টের আওতায় গত ১৯-২৭ অক্টোবর ২০২৫ তারিখে নিকলী, মিঠামইন ও অষ্টগ্রাম ইউনিটের ১৪টি কমিউনিটিতে "বয়সভিত্তিক আদর্শ খাবার নির্বাচন ও প্রস্তুত প্রণালী প্রদর্শনী" অনুষ্ঠিত হয়। মা ও শিশু ফোরাম, পিভিসি সদস্য, সামাজিক উন্নয়ন কেন্দ্র এবং স্থানীয় জনগণের অংশগ্রহণে আয়োজিত এই প্রদর্শনীতে মোট ৫৫০ জন সুবিধাভোগী উপস্থিত ছিলেন। এতে শূন্য থেকে ৫ ও ৯ মাস বয়সী শিশুদের খাদ্যাভ্যাস, গর্ভবতী ও প্রসূতি নারীর পুষ্টি, স্বল্প খরচে পুষ্টিকর খাবার তৈরির কৌশল ইত্যাদি বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়া হয়।

## কিশোর ও পুরুষদের অংশগ্রহণে জেন্ডার সচেতনতামূলক সভা

জেন্ডার বৈষম্য দূরীকরণ ও নারীর ক্ষমতায়নে পুরুষদের সম্পৃক্ত করতে ১৬ অক্টোবর ২০২৫ তারিখে পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন পিপিইপিপি-ইইউ প্রকল্পের জেন্ডার কম্পোনেন্টের আওতায় মিঠামইন উপজেলার ঘাগড়া ইউনিয়নে "আলোর পথে সহযাত্রী" শীর্ষক সভা অনুষ্ঠিত হয়। সভায় ২৬ জন কিশোর ও তাদের অভিভাবক অংশগ্রহণ করেন। আলোচনায় পরিবারে নারীর ভূমিকা, বাল্যবিবাহ, নারী নির্যাতন ও যৌতুক প্রতিরোধের গুরুত্ব তুলে ধরা হয়। এই সভা অংশগ্রহণকারীদের মধ্যে পারিবারিক দায়িত্ব ভাগাভাগি, নারীর মর্যাদা বৃদ্ধি ও ইতিবাচক সামাজিক মনোভাব গঠনে সহায়ক ভূমিকা রাখে।

## অক্টোবর ২০২৫ পর্যন্ত প্রশিক্ষণ পেয়েছে ১৭১২ জন

| প্রশিক্ষণ শিরোনাম | অংশগ্রহণকারীর সংখ্যা | অংশগ্রহণকারীর পদবি | আয়োজনকারী |
|---|---|---|---|
| **অভ্যন্তরীণপ্রশিক্ষণ** | | | |
| 'বেসিক ওরিয়েন্টেশন' (nduction) | ২২ | নতুন নিয়োগপ্রাপ্ত SDLP এবং ম্যানেজমেন্ট ট্রেইনি অফিসার | পদক্ষেপ |
| MF (CIB Data Processing) | ২৫ | প্রধান কার্যালয়ের বিভিন্ন ডিভিশন/ইউনিট/উইং এর কর্মীগণ | পদক্ষেপ |
| দলীয় গতিশীলতা, সঞ্চয় ও ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা | ১০১ | নতুন নিয়োগপ্রাপ্ত SDLP, ম্যানেজমেন্ট ট্রেইনি ও সিএম | পদক্ষেপ |
| পদক্ষেপ অটোমেশন | ২০ | নতুন নিয়োগপ্রাপ্ত SDLP এবং ম্যানেজমেন্ট ট্রেইনি অফিসার | পদক্ষেপ |
| পদক্ষেপ সুরক্ষা নির্দেশিকা সচেতনতামূলক প্রশিক্ষণ (অনলাইন) | ১৫৪০ | বিভিন্ন এরিয়ায় কর্মরত কর্মীবৃন্দ | পদক্ষেপ |
| **বহি: প্রশিক্ষণ** | | | |
| Vat & Tax | ১ | সিনিয়র ব্যবস্থাপক | পিকেএসএফ |
| Procurement & Inventory Management | ১ | সহকারী ব্যবস্থাপক | পিকেএসএফ |
| Artificial Intelligence in Integrated Training Program (AITP) | ১ | ম্যানেজার | পিকেএসএফ |
| Behavioral Nudge in MFIs (BNM) | ১ | সিনিয়র সহকারী পরিচালক ও রিজিয়নাল ম্যানেজার | পিকেএসএফ |

## দম্পতি ফোরামের মাসিক সভা

জেন্ডার সমতা ও পারিবারিক পুষ্টি সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন পিপিইপিপি-ইইউ প্রকল্পের আওতায় নিকলী উপজেলার দামপাড়া ও কারপাশা এবং মিঠামইনের কেওয়ারজোড় ইউনিয়নে দম্পতি ফোরামের মাসিক সভা অনুষ্ঠিত হয়। ১৮, ২১ ও ২৩ অক্টোবর ২০২৫ তারিখে অনুষ্ঠিত তিনটি সভায় মোট ৭২ জন (৩৬ জন নারী ও ৩৬ জন পুরুষ) অংশগ্রহণ করেন। এসভায়, পরিবারে নারী-পুরুষের যৌথ সিদ্ধান্ত গ্রহণ, গৃহস্থলীর কাজে পুরুষদের অংশগ্রহণ, অপুষ্টি প্রতিরোধ এবং গর্ভবতী ও প্রসূতি নারীর যত্নে করণীয় বিষয় নিয়ে আলোচনা করা হয়। এই উদ্যোগের মাধ্যমে পারিবারিক বন্ধন সুদৃঢ় হওয়ার পাশাপাশি নারী ও শিশুর পুষ্টি সেবা নিশ্চিতে ইতিবাচক পরিবর্তন আসছে।



## অনুকরণীয় বাবা ক্যাম্পেইন সভা

নারী-পুরুষের পারস্পরিক সহযোগিতা ও পারিবারিক সৌহার্দ্য বৃদ্ধির লক্ষ্যে পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন পিপিইপিপি-ইইউ প্রকল্পের জেন্ডার কম্পোনেন্টের আওতায় "অনুকরণীয় বাবা" ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়। ১৮ ও ২২ অক্টোবর ২০২৫ তারিখে নিকলীর দামপাড়া, মিঠামইনের গোপদিঘী এবং অষ্টগ্রামের কাস্তুল ইউনিয়নে অনুষ্ঠিত এই সভায় ৮৮ জন সদস্য ও অভিভাবক অংশগ্রহণ করেন। সভায় সন্তানের যত্ন, নারীর প্রতি শ্রদ্ধা, পারিবারিক সিদ্ধান্তে যৌথ অংশগ্রহণ এবং গৃহস্থালির কাজে পুরুষদের দায়িত্ব সম্পর্কে আলোচনা হয়। এ উদ্যোগ বাবাদের ইতিবাচক ভূমিকা ও পারিবারিক বন্ধন সুদৃঢ় করতে সহায়ক হয়েছে।



# সমৃদ্ধি প্রকল্পের উন্নয়ন কার্যক্রম




## কক্সবাজারে নগর মাতৃসদন কেন্দ্র পরিদর্শন

"একদিন তুমি পৃথিবী গড়েছো আজ আমি স্বপ্ন গড়বো, সযত্নে তোমায় রাখবো আগলে" এই প্রতিপাদ্যকে সামনে রেখে গত ৭ অক্টোবর আন্তর্জাতিক প্রবীণ দিবস উপলক্ষে সুনামগঞ্জ সদরের গৌরারং ইউনিয়ন পরিষদে র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। এ সময় উপস্থিত ছিলেন গৌরারং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শওকত আলী, উপজেলা প্রবীণ কমিটির সভাপতি আবু সুফিয়ান চৌধুরী, সাংগঠনিক সম্পাদক নির্মল মাস্টার, ৬ নং ওয়ার্ডের ইউপি সদস্য সালেক মিয়া, ৫ নং ওয়ার্ডের ইউপি সদস্য আয়ুব আলী, উপজেলা কর্মসূচি সমন্বয়কারী বিশ্বজিৎ দাস, স্বাস্থ্য কর্মকর্তা দীপংকর মালাকার প্রমুখ।

সমৃদ্ধি প্রকল্পের আওতায় প্রবীণদের জন্য আয়োজন করা হয় নানা উদ্যোগ-যা শুধু বিনোদনের নয়, বরং তাদের জীবনের অভিজ্ঞতা ও প্রজ্ঞাকে সমাজের মূল স্রোতে যুক্ত করার এক আন্তরিক প্রয়াস। এখানে প্রবীণরা পান মেলবন্ধনের সুযোগ, স্মৃতিচারণার উষ্ণতা, আর নিজের অভিজ্ঞতা ভাগ করে নেওয়ার পরিতৃপ্তি। এই আয়োজনগুলো প্রবীণ জীবনের একাকীত্ব দূর করে, তাদের মনোবল ও সামাজিক অংশগ্রহণ বাড়ায়-যেন জীবনের এই পর্যায়টিও হয় সম্মান, ভালোবাসা ও আনন্দে ভরপুর।

# আইসিবিবিসি প্রকল্পের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম



## ভোলায় আইসিবিবিসি প্রকল্পের শিশুযত্ন কেন্দ্র পরিদর্শন

১৬ অক্টোবর ২০২৫, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ শিশু একাডেমির সহযোগিতায় এবং পদক্ষেপ এর বাস্তবায়নে ভোলা জেলায় পরিচালিত "সমাজভিত্তিক সমন্বিত শিশুযত্ন কেন্দ্রের মাধ্যমে শিশুর প্রারম্ভিক বিকাশ, সুরক্ষা ও সাঁতার সুবিধা প্রদান (আইসিবিবিসি)" প্রকল্পের শিশুযত্ন কেন্দ্র পরিদর্শন করেছেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মমতাজ আহমেদ এনডিসি।

পরিদর্শনে উপস্থিত ছিলেন প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব) মোঃ আবদুল কাদির, প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব) শাহনাজ বেগম নীলা, উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আরিফুজ্জামান, প্রোগ্রাম ম্যানেজার মোঃ তারিকুল ইসলাম চৌধুরী (বাংলাদেশ শিশু একাডেমি) এবং পদক্ষেপের যুগ্ম পরিচালক আনিস হোসেন চৌধুরী সহ জেলা প্রতিনিধি ও কর্মীবৃন্দ।

সিনিয়র সচিব শিশুযত্ন কেন্দ্রের কার্যক্রম, শিশুদের উপস্থিতি, যত্নকারীর কার্যপরিধি ও অভিভাবকদের মতামত প্রত্যক্ষভাবে পর্যালোচনা করেন। অভিভাবকরা জানান, কেন্দ্রটি চালু হওয়ার পর শিশুদের নিরাপত্তা, সেবা-যত্ন ও সচেতনতায় পরিপূর্ণ উন্নতি লক্ষণীয় হয়েছে। অনুষ্ঠানে তিনি শিশুদের সঙ্গে ছড়া, গান ও সৃজনশীল কার্যক্রম উপভোগ করেন এবং কেন্দ্রগুলোর মানোন্নয়ন, সেবা সম্প্রসারণ ও অভিভাবকদের অংশগ্রহণ বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন।

## অক্টোবর ২০২৫ মাসের 'পিআইডিএম' থেকে সেবা গ্রহণ সংক্রান্ত তথ্য

| মাসের নাম | সংস্থার সংখ্যা | অংশগ্রহণকারী | মিটিং/পরীক্ষা/কর্মশালা | ট্রেনিং সংখ্যা | পদক্ষেপ স্টাফ | অন্যান্য সংস্থা স্টাফ |
|---|---|---|---|---|---|---|
| অক্টোবর'২৫ | ১৮ টি | ৮৬৭ জন | ০৬ মিটিং | ০৬ টি ট্রেনিং | ৪৩০ জন | ৪৩৭ জন |




## মনপুরায় আইসিবিসি কার্যক্রম পরিদর্শন

১৮ অক্টোবর ২০২৫, প্রকল্প পরিচালক ও যুগ্ম সচিব মোঃ আবদুল কাদির ভোলা জেলার মনপুরা উপজেলায় আইসিবিসি প্রকল্পের শিশুযত্ন কেন্দ্র ও সাঁতার কার্যক্রম পরিদর্শন করেছেন এবং অভিভাবক সভায় অংশগ্রহণ করেন। পরিদর্শনে পদক্ষেপ এর যুগ্ম পরিচালক আনিস হোসেন চৌধুরী ও মাঠস্থ কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। তিনি শিক্ষামূলক ও বিনোদনমূলক কার্যক্রম পর্যবেক্ষণ করে অভিভাবকদের সঙ্গে প্রকল্পের প্রভাব ও শিশুর উন্নয়ন বিষয়ক মতবিনিময় করেন। শিশু লালন-পালন, পুষ্টি, সুরক্ষা ও মানসিক সুস্থতা বিষয়ে আলোচনা হয়। প্রকল্প পরিচালক ৬-১০ বছর বয়সী শিশুদের জীবনরক্ষাকারী সাঁতার প্রশিক্ষণ পরিদর্শনকালে বলেন, "স্থানীয় প্রশিক্ষকদের তত্ত্বাবধানে যে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে তাতে ডুবে যাওয়ার ঝুঁকি প্রায় ৯০% হ্রাস করবে"। তিনি কার্যক্রমকে আরও টেকসই ও গতিশীল করার লক্ষ্যে নির্দেশনা প্রদান করেন।

## " Consultation on Field Learning " শীর্ষক কর্মশালা শুরু

২৪-২৫ অক্টোবর ২০২৫ তারিখ এসওএস জাতীয় প্রশিক্ষণ কেন্দ্রে দুই দিনব্যাপী 'Consultation on Field Learning' কর্মশালা অনুষ্ঠিত হয়। উদ্বোধনী কর্মশালায় উপস্থিত ছিলেন প্রকল্প পরিচালক মোঃ আবদুল কাদির, বাংলাদেশ সিনারগোস এর কান্ট্রি ডিরেক্টর এসা হুসেইন, প্রোগ্রাম ম্যানেজার মোঃ তারিকুল ইসলাম চৌধুরী এবং পদক্ষেপ এর যুগ্ম পরিচালক আনিস হোসেন চৌধুরী। কর্মশালায় আইসিবিসি বাস্তবায়িত ১৬ জেলার মধ্যে নির্বাচিত ৮ জেলার জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সহকারী প্রকল্প ব্যবস্থাপক ও কার্যক্রম সমন্বয়কারীরা অংশগ্রহণ করেন। তাঁরা মাঠপর্যায়ের চ্যালেঞ্জ, শিখনসমূহ ও সম্ভাব্য সমাধান আলোচনা করেন এবং প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে এসব শিক্ষা অন্তর্ভুক্ত করার প্রত্যাশা ব্যক্ত করেন।



## চরফ্যাশনে কর্মশালার উদ্বোধন

১৫ অক্টোবর ২০২৫, ভোলার চরফ্যাশন উপজেলায় আয়োজিত চার দিনব্যাপী "জাতি গঠনে শিশু বান্ধব সাংবাদিকতা প্রশিক্ষণ" কর্মশালার উদ্বোধন করেন মোঃ আবদুল কাদির, যুগ্ম সচিব ও প্রকল্প পরিচালক, আইসিবিসি প্রকল্প। অনুষ্ঠানটি আইসিবিসি প্রকল্পের পৃষ্ঠপোষকতায় এবং সংগঠন 'সমষ্টিক'-এর উদ্যোগে অনুষ্ঠিত হয়। এতে ভোলা, লক্ষ্মীপুর ও চাঁদপুর জেলার সাংবাদিক এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র সচিব মমতাজ আহমেদ, এনডিসি। প্রশিক্ষণকালে সাংবাদিকরা লালমোহন উপজেলার শিশুযত্ন কেন্দ্র ও সাঁতার কেন্দ্র পরিদর্শন করে কার্যক্রম পর্যবেক্ষণ করেন ।






## লক্ষ্মীপুর শিশুযত্ন ও সাঁতার কার্যক্রম পরিদর্শন

১৫ অক্টোবর ২০২৫, লক্ষ্মীপুর জেলার কমলনগর উপজেলায়, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জনাব প্রান্তিক সাহা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মো. মোরশেদ আলম আইসিবিসি প্রকল্পভুক্ত শিশুযত্ন কেন্দ্র পরিদর্শন করেন। তাঁরা শিশুদের উপস্থিতি, শিক্ষা পরিবেশ ও কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করেন; যত্নকর্মীরা ও অভিভাবকদের সঙ্গে আলাপ করেন এবং শিশুদের গান, ছড়া ও গল্প উপভোগ করেন। পরে নিরাপদ সাঁতার অবকাঠামোতে চলমান সাঁতার প্রশিক্ষণ পরিদর্শন করে প্রশিক্ষণ প্রক্রিয়া সম্পর্কে তথ্য নেন এবং শিশুদের উৎসাহিত করেন। কর্মকর্তারা বিশ্বাস ব্যক্ত করেন যে এসব পরিদর্শন স্থানীয় প্রশাসন ও বাস্তবায়নকারী সংস্থার মধ্যে সমন্বয়কে আরও দৃঢ় করবে।

## নরসিংদীতে শিশুযত্ন ও সাঁতার প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন

২৯ অক্টোবর ২০২৫, নরসিংদীর মনোহরদী উপজেলায় অবস্থিত শিশুযত্ন কেন্দ্র ও সাঁতার প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করেন জেলা শিশু বিষয়ক কর্মকর্তা মীর বাবলুর রহমান। বাংলাদেশ শিশু একাডেমির সহযোগিতায় এবং পদক্ষেপ কর্তৃক বাস্তবায়িত আইসিবিসি প্রকল্পের আওতায় এই পরিদর্শন অনুষ্ঠিত হয়। তিনি যত্নকর্মী, সহকারী যত্নকর্মী, সাঁতার প্রশিক্ষণার্থী ও অভিভাবকদের সঙ্গে মতবিনিময়ে অংশগ্রহণ করেন এবং বলেন, প্রকল্পটির মাধ্যমে শিশুরা প্রাথমিক বিকাশ, নিরাপত্তা ও আত্মবিশ্বাস অর্জনে এগিয়ে চলেছে; সাঁতারের প্রশিক্ষণ জীবন রক্ষাকারী দক্ষতা গড়ে তুলছে। তিনি মাঠপর্যায়ে কার্যক্রমের মানোন্নয়নের জন্য দিকনির্দেশনা প্রদান করেন।





## লক্ষ্মীপুরে আইসিবিসি প্রকল্পভুক্ত শিশুদের টাইফয়েড (TCV) টিকা প্রদান

১৫ অক্টোবর ২০২৫, জাতীয় টিকাদান কর্মসূচি (Typhoid Conjugate Vaccine – TCV) এর আওতায় ১৫ অক্টোবর ২০২৫ তারিখে লক্ষ্মীপুর জেলার আইসিবিসি প্রকল্পভুক্ত শিশুযত্ন কেন্দ্রগুলোর ১-৫ বছর বয়সী শিশুদের TCV টিকা প্রদান করা হয়েছে। অনুষ্ঠানটি বাংলাদেশ সরকারের জাতীয় টিকাদান কর্মসূচির অংশ হিসেবে পদক্ষেপ কর্তৃক বাস্তবায়িত হয়। টিকাদানে উপস্থিত স্বাস্থ্যকর্মী ও প্রকল্প কর্মকর্তারা জানান, TCV একটি প্রতিরোধী ও নিরাপদ টিকা; অভিভাবকরা এ উদ্যোগকে স্বাগত জানায় এবং ভবিষ্যতেও এ ধরনের জনস্বাস্থ্য উদ্যোগ অব্যাহত রাখার আহ্বান করেন। কর্মকর্তারা বলেন, সমাজভিত্তিক শিশুযত্ন কেন্দ্রগুলো শিশুদের শিক্ষা ও বিকাশ ছাড়াও স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

# 'রেইজ' প্রকল্পের উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রম



## ব্যবসায় ব্যবস্থাপনা ও উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ

স্বল্প আয়ের পরিবারভুক্ত তরুণ ও ক্ষুদ্র উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে মোট ১৬ দিন (৯৬ ঘণ্টা) মেয়াদি Business Management and Entrepreneurship Development (BMED) প্রশিক্ষণ পরিচালিত হচ্ছে। অক্টোবর ২০২৫-এ গাজীপুর সদর, আশকোনা, কামরাঙ্গীরচর, ভালুকা, জাংগালিয়া ও তারাকান্দি শাখায় মোট ৮টি ব্যাচে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণে আলোচিত বিষয় ছিল, সাধারণ ব্যবসা ব্যবস্থাপনা ও উদ্যোগ উন্নয়ন, ঝুঁকি ব্যবস্থাপনা ও ব্যবসায় ধারাবাহিকতা, জীবন দক্ষতা উন্নয়ন ও বিষয়ভিত্তিক কারিগরি প্রশিক্ষণ এবং মাঠ পরিদর্শন। অংশগ্রহণকারীরা প্রশিক্ষণের পর ব্যবসা পরিচালনা, ঝুঁকি ব্যবস্থাপনা ও টেকসই পরিকল্পনা বিষয়ে আরও দক্ষ হচ্ছেন এবং অন্তর্ভুক্তিমূলক অর্থায়নের সুযোগের মাধ্যমে নিজেদের ব্যবসা সম্প্রসারণে সক্ষম হচ্ছেন। এ উদ্যোগ তরুণদের সফল উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে কার্যকর ভূমিকা রাখছে।



## শিক্ষানবিশী কার্যক্রম

স্বল্প আয়ের পরিবারভুক্ত তরুণ-তরুণীদের হাতে-কলমে প্রশিক্ষণের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে 'গুরু-শিষ্য' বা শিক্ষানবিশী কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। মিরপুর, মোহাম্মদপুর, কারওয়ানবাজার ও আগারগাঁও এলাকায় এ কার্যক্রম চলছে। মে-অক্টোবর ২০২৫, ৬ মাসব্যাপী ৫ম ব্যাচে ৬৫ জন গুরুর অধীনে ১৩০ জন; সেপ্টেম্বর ২০২৫ থেকে ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত ৬ষ্ঠ ব্যাচে ১৩৫ জন গুরুর অধীনে ২৭০ জন এবং ৭ম ব্যাচে অক্টোবর ২০২৫ থেকে মার্চ ২০২৬ পর্যন্ত ৬৫ জন গুরুর অধীনে ১৩০ জন অর্থাৎ মোট ২০০ জন গুরুর অধীনে ৫৩০ জন শিষ্য বিভিন্ন কারিগরি ট্রেডে প্রশিক্ষণ নিচ্ছে। ট্রেডগুলোর মধ্যে রয়েছে—গ্রাফিক ডিজাইন, ডিজিটাল মার্কেটিং, রেফ্রিজারেশন ও এয়ার কন্ডিশনিং, স্মল ইঞ্জিনিয়ারিং, আইটি সাপোর্ট, মোবাইল সার্ভিসিং, ইলেকট্রিক্যাল ইন্সটলেশন, মোটরসাইকেল সার্ভিসিং, টেইলরিং, বেকিং, হাউজকিপিং, কার্পেন্ট্রি ও ড্রাইভিং কাম অটো মেকানিক। এই প্রশিক্ষণ অংশগ্রহণকারীদের উৎপাদনশীল খাতে দক্ষ শ্রমশক্তি হিসেবে গড়ে তুলছে এবং শোভন কর্মপরিবেশে কাজের সুযোগ সৃষ্টি করছে।




## কমিউনিটি আউটরিচ প্রোগ্রাম

অক্টোবর ২০২৫ মাসে প্রায় ৩০০ জন স্বল্প আয়ের তরুণ-তরুণী ও ক্ষুদ্র উদ্যোক্তাকে নিয়ে কমিউনিটি আউটরিচ প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। এতে দলিত, ক্ষুদ্র নৃগোষ্ঠী, চর-হাওড়, পার্বত্য, চা-বাগান, উপকূলীয় ও প্রতিবন্ধী তরুণ-তরুণীদের অন্তর্ভুক্ত করা হয়। অনুষ্ঠানে উঠান বৈঠক, পোস্টার, লিফলেট, টেলিফোন ও ফেসবুকের মাধ্যমে আয়োজিত প্রোগ্রামে রেইজ প্রকল্পের কারিগরি প্রশিক্ষণ, ১৬ দিনের উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ এবং অন্তর্ভুক্তিমূলক অর্থায়ন সম্পর্কিত তথ্য উপস্থাপন করা হয়। একইসাথে অংশগ্রহণকারীদের মধ্যে পুষ্টি, মাদকাসক্তি, যৌতুক, বাল্যবিবাহ, ইভটিজিং, জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদবিরোধী সচেতনতাবৃদ্ধিমূলক আলোচনা করা হয়।